

২০২২

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গীতিকবিতা কাকে বলে? উদাহরণসহ বাংলা গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৩+৭  
অথবা,  
(খ) অ্যাবসার্ড নাটকের সাধারণ লক্ষণগুলির আলোচনা করে একটি বাংলা অ্যাবসার্ড নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+৬
- ২। (ক) সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে সংক্ষেপে একটি বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) সাহিত্য-সংরূপ হিসাবে চেতনাপ্রবাহরীতির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১০
- ৩। (ক) উপযুক্ত দৃষ্টান্তসহযোগে পত্রসাহিত্যের লক্ষণগুলির পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) বাংলা ভাষায় লেখা একটি সমালোচনা সাহিত্যকে অবলম্বন করে এই সাহিত্য-সংরূপ সম্পর্কে তোমার ধারণা পরিস্ফুট করো। ১০
- ৪। (ক) লিমেরিক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) পৌরাণিক নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) সাহিত্য-সংরূপ হিসাবে উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য সম্পর্কে আলোকপাত করো। ৫  
অথবা,  
(খ) নকশাধর্মী উপন্যাসের সংরূপগত স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ৫

৬। (ক) একটি ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের আবশ্যিক শর্তগুলি সংক্ষেপে উল্লেখ করো।

৫

অথবা,

(খ) জীবনকাহিনি কখন সাহিত্য হয়ে ওঠে তা একটি উদাহরণসহযোগে বুঝিয়ে দাও।

৫

৭। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো একটি)।

৫×১

(ক) কবিগান

(খ) রোমান্সধর্মী উপন্যাস

(গ) ডায়েরির লিখনশৈলী।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) একটি আদর্শ বাংলা সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো।

(খ) 'জাগরী' কী ধরনের উপন্যাস?

(গ) একটি বাংলা একাঙ্ক নাটকের নাম উল্লেখ করো।

(ঘ) ঊনবিংশ শতাব্দীর প্রথম সার্থক ঐতিহাসিক উপন্যাসের নাম উল্লেখ করো।

(ঙ) একটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

(চ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি কাব্যনাটকের নাম লেখো।

(ছ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের একটি পার্থক্য লেখো।

(জ) বাংলা ভাষায় লেখা প্রথম জীবনীসাহিত্য কোনটি?

(ঝ) একটি দেশি ও একটি বিদেশি ট্র্যাজেডি নাটকের নাম উল্লেখ করো।

(ঞ) কথাসাহিত্যের মধ্যে সাহিত্যের কোন কোন সংরূপগুলি অন্তর্ভুক্ত?

(ট) একটি দেশি ও একটি বিদেশি মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম লেখো।

(ঠ) রবীন্দ্র-পূর্ববর্তী একটি বাংলা গীতিকবিতা গ্রন্থের নাম লেখো।

(ড) বাংলা ভাষায় লেখা একটি রম্যরচনা গ্রন্থের নাম লেখো।

(ঢ) একটি ভ্রমণ সাহিত্যের নাম উল্লেখ করো।

(ণ) শেক্সপিয়ারের দুটি কমেডি নাটকের নাম লেখো।